

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫০৪৪/৪১৩

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুস সালাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৭-০৮-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮২/১তম সভার ৮২/১(২) নং আলোচ্যসূত্রির ০৮ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন “ধুলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়” এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুস সালাম-এর বিরুদ্ধে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ মনজুর এ মতিন কর্তৃক আর্থিক দুর্নীতি, ব্যবহারিক পরীক্ষার খাতা বিক্রয় ও প্রাইভেট পড়ানোর বিষয়ে আনীত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

জেলা শিক্ষা অফিসার
সাতক্ষীরা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫০৪৪/৪১৩(১-৭)

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৪। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, ধুলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, ধুলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৬। সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুস সালাম, ধুলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৭। সংরক্ষণ নথি।

২৯/০৮/২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২৯/০৮/২৩

ধূলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়
DHULIHAR IDEAL SECONDARY SCHOOL

স্থাপিত : ১৯৯৫ ইং
ডাকঘর : ধূলিহর, উপজেলা ও জেলা : সাতক্ষীরা।

সূত্র : ধূলি, আ. মা. বি ১০/২৬

তারিখ : ০৫/০২/২০২৬

বরাবর

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় : অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুস সালাম এর স্থায়ী বরখাস্তকরণ অনুমোদন প্রসংগে।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুস সালাম এর বিরুদ্ধে বিগত ০৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে ৭ম শ্রেণীর ছাত্র আছিক বিল্লাহ এর অবিভাবক জনাব মোঃ জাহাঙ্গুল ইসলাম সভাপতি বরাবর বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ দাখিল করেন। তৎপ্রেক্ষিতে, বিগত ০৯/০৭/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সিদ্ধান্তক্রমে অভিযোগের কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। কিন্তু উক্ত নোটিশের কোন জবাব না পাওয়ায় ২৩/০৭/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক একটি তদন্ত কমিটি গঠিত হয়। তদন্ত কমিটির কাজে সহায়তা না করায় ১৩/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সিদ্ধান্তক্রমে প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়। অতঃপর উক্ত প্রধান শিক্ষক 'সরকারকে উৎখাত ষড়যন্ত্রে লিপ্ত' থেকে নাশকতার মামলায় পুলিশ কর্তৃক গ্রেপ্তার হওয়ায় ০৭/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভায় তাকে পুনঃরায় ৬০ দিনের জন্য সাময়িক বরখাস্ত করা হয়। ইতোমধ্যে তদন্ত কমিটির প্রতিবেদন পাওয়ায় ০৫/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সভায় তাকে দ্বিতীয় বারের জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু সাময়িক বরখাস্তের মেয়াদ শেষ হওয়ায় ৩০/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সভায় ৬০ (ষাট) দিনের জন্য সাময়িক বরখাস্ত করা হয়। তিনি কারণ দর্শানোর কোন জবাব প্রদান না করায় ৩০/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির সভায় তাকে স্থায়ী বরখাস্ত করা হয়। এক্ষণে বিধি মোতাবেক তাঁর স্থায়ী বরখাস্ত করণ অনুমোদনের জন্য নির্ধারিত ফিস সহ বরখাস্তকরণ প্রক্রিয়ার যাবতীয় কাগজপত্র অনলাইন-এ আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।

অতএব, জনাব অনুগ্রহ পূর্বক যাহাতে বরখাস্তকরণ প্রক্রিয়ার যাবতীয় কাগজপত্র জমা ও কার্যকারি হয় তাহার, বিহীত ব্যবস্থা গ্রহণ করিতে মর্জি হয়।

এস. এস. মাহাবুবুল রহমান
সভাপতি
ধূলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়
সদর, সাতক্ষীরা।

আপনার বিশ্বস্ত

মোঃ মনজুর এ. মতিন
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ধূলিহর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।